দৈনিক ইত্তেফাক

১৪৭

তারিখ 24 SEP 1996
পৃষ্ঠা 7 কলাম ৫

# ক্যাম্পাস আপাততঃ বহিরাগত মুক্ত

*বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥* ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ আপাততঃ বহিরাগত মুক্ত। কর্তৃপক্ষ গতকাল (সোমবার) অপরাহ্ণ ৪টার মধ্যে হল ত্যাগের চূড়ান্ত সময়সীমা বাধিয়া দেওয়ার পর অধিকাংশ বহিরাগত অছাত্র হল ছাড়িয়া যায়। পরে অপরাহ্ণ সাড়ে ৪টার দিকে ছাত্রদলের ২৪ জন হলত্যাগী নেতা-কর্মীকে ছাত্রলীগ ও ছাত্রদলের নেতৃবৃন্দের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মুহসীন হল ও এফ. রহমান-হলের স্ব-স্ব কক্ষে তুলিয়া দেন।

এদিকে হল বহিরাগতমুক্ত রাখার লক্ষ্যে মুহসীন হল ও এফ. রহমান হল এলাকায় বিপুল সংখ্যক পুলিশসহ সাদা পোশাকধারী পুলিশ মোতায়েন করা হইয়াছে। অধিকাংশ গুরুত্বপূর্ণ হলে ছাত্রদের পরিচয়পত্র পরীক্ষা অভিযান জোরদার করা হইয়াছে।

গতকাল বিকালে ছাত্রদল ও ছাত্রলীগ নেতৃবৃন্দের উপস্থিতিতে ভিসি, প্রক্টর ও সংশ্লিষ্ট হল প্রভোষ্ট প্রথমে মুহসীন হলে ১৫ জন এবং পরে এফ. রহমান হলে ৯ জন ছাত্রদলের হলত্যাগী নেতা-কর্মীদের হলে তুলিয়া দেন। ছাত্রদলের নেতা-কর্মীদের হাতে হলের স্ব-স্ব কক্ষের চাবি প্রদান করা হয়। তবে মুহসীন হল হইতে বিতাড়িত ছাত্রদলের হল শাখার সভাপতি নাসিরউদ্দিন ও সাধারণ সম্পাদক সালাহউদ্দিন টুকু ছাত্র নহে– ছাত্রলীগ কর্মীরা এই অভিযোগ তুলিলে নেতৃদ্বয় হলে উঠেন নাই। প্রায় এক ঘন্টা ধরিয়া ছাত্রদল নেতা-কর্মীদের হলে তুলিয়া দেওয়ার কার্যক্রম চলে। ভিসি প্রফেসর শহীদউদ্দিন আহমেদ, প্রক্টর ডঃ নূরউন নবী ছাড়াও ছাত্রলীগের সভাপতি এনামুল হক শামীম, জগন্নাথ হল ছাত্র সংসদের জিএস সুজিত কুমার রায় নন্দী ও সাজ্জাদ হোসেন এবং ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল খালেক, সাধারণ সম্পাদক হাবিবুন নবী খান সোহেল, মনির হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।